

# জবির কলা ও আইন অনুষদের ভর্তি পরীক্ষা আজ

প্রতিনিধি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

: শনিবার, ১৫ ফেব্রুয়ারী ২০২৫



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের কলা ও আইন অনুষদের 'বি' ইউনিটের ভর্তি পরীক্ষা আজ। ভর্তি পরীক্ষায় মোট ৭৮৫টি আসনের জন্য ৪২,৯৭৮ জন শিক্ষার্থী প্রতিদ্বন্দ্বিতা করবে।

বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. গিয়াসউদ্দিন এ তথ্য নিশ্চিত করেন।

আজকের পরীক্ষাটি তিনটি শিফটে অনুষ্ঠিত হবে; প্রথম শিফটে সকাল ১০টা থেকে ১১টা, দ্বিতীয় শিফটে দুপুর ১টা থেকে ২টা এবং তৃতীয় শিফটে বিকেল ৪টা থেকে ৫টা পর্যন্ত।

এবার বিশ্ববিদ্যালয় নিজস্ব নিয়মে ভর্তি পরীক্ষা গ্রহণ করছে, যেখানে মোট নম্বর ১০০ নির্ধারণ করা হয়েছে। এর মধ্যে ৭২ নম্বরের পরীক্ষা হবে লেখা ও বহুনির্বাচনি প্রশ্নের ওপর ভিত্তি করে। শিক্ষার্থীদের বহুনির্বাচনি অংশে ২৪ নম্বর এবং লিখিত অংশে ৪৮ নম্বর দেওয়ার পাশাপাশি এসএসসি ও

এইচএসসি পরীক্ষার জিপিএ-র ভিত্তিতে যথাক্রমে ১২ ও ১৬ নম্বর গণনা করা হবে।